

2019

**BENGALI**

**(Honours)**

**Paper : 101- BNGH - DC - 1**

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

[CBCS]

Full Marks : 32

Time : Two Hours

*The figures in the margin indicate full marks.*

*Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

বিভাগ - ক

- ১। (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির পুঁথি কে কবে আবিষ্কার করেন? কত সালে কোথা থেকে গ্রন্থাকারে কাব্যটি প্রথম প্রকাশিত হয়? কাব্যটির সাহিত্যমূল্য নিরূপণ করে বাংলা সাহিত্যের ইতিহাসে-এর ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

১+১+৩+৩=৮

অথবা

P.T.O.

(খ) চৈতন্যদেবের আলোক সামান্য জীবনকথা নিয়ে মধ্যযুগে যে কাব্যগুলি রচিত হয়েছিল সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। কোন কাব্যটিকে তুমি শ্রেষ্ঠ মনে করো তা যুক্তিসহ আলোচনা করো। 8+8=৮

২। (ক) অনুবাদ সাহিত্য সৃষ্টির কারণ কি? মালাধর বসুর অনূদিত কাব্যটির নাম কি? কাব্যটির জনপ্রিয়তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+১+৪=৮

অথবা

(খ) মঙ্গলকাব্যের করাটি ধারা? শিবায়ন কাব্যের একজন কবি ও তাঁর কাব্যের নাম লেখো? শিবায়নকে মঙ্গলকাব্য বলা যায় কিনা বিচার করো। ১+১+৬=৮

বিভাগ - খ

৩। (ক) আরাকান রাজসভার দু'জন কবির সংক্ষিপ্ত পরিচয় দাও। তাঁদের কাব্যের বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো। ৪+৪=৮

অথবা

(খ) 'বাউল' কথাটির অর্থ কী? বাউল গানের মধ্যে সাধনার যে মূলতত্ত্ব নিহিত আছে তার পরিচয় দাও এই ধারায় লালন ফকিরের অবদান আলোচনা করো। ২+৩+৩=৮

৪। (ক) শাক্তপদাবলী বলতে কী বোঝ? বিজয়া পর্যায়ের পদ রচনার শ্রেষ্ঠ কবি কে? তাঁর সাহিত্য প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+১+৫=৮

অথবা

(খ) কবিগানের উদ্ভব, বিকাশ ও অবক্ষয়ের কাল চিহ্নিত করো। কবিগানের গঠন বৈশিষ্ট্য আলোচনা করে একজন কবিওয়ালার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২+৪=৮